



**2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGSEC-401T/175**

TDC (CBCS) Even Semester Exam., 2023

BENGALI

(4th Semester)

Course No. : BNGSEC-401T

(বাংলা লোকনাট্য ও নাট্যমঞ্চ)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাঠ্যসূচী সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও :

১×১৫=১৫

- ১। লোকনাট্য-এর ইংরেজি প্রতিশব্দটি কী ?
- ২। 'বাংলা লোকনাট্য সমীক্ষা' বইটির লেখক কে ?
- ৩। দুই বা ততোধিক কুশীলবের দ্বারা পরিবেশিত অভিনয়কে কী ধরনের অভিনয় বলা হয় ?
- ৪। যিনি কথকতা পরিবেশন করেন তাঁকে কী বলা হয় ?
- ৫। আলকাপের পরিচালককে কী বলা হয় ?



(2)

- ৬। গঙ্গীরা লোকনাট্য কোন অঞ্চলে সর্বাধিক জনপ্রিয় ?
- ৭। ঘাটু গানের মূল উপজীব্য বিষয় কী ?
- ৮। কোন লোকনাট্য 'পঞ্চরস' নামেও পরিচিত ?
- ৯। গাজির বাহন কী ?
- ১০। কোন অঞ্চলের ছৌ-নৃত্যে মুখোশের ব্যবহার নেই ?
- ১১। ওঝা লোকনাট্য কোন অঞ্চলে সর্বাধিক জনপ্রিয় ?
- ১২। ছৌ-নৃত্যকে আন্তর্জাতিক স্তরে কে পরিচিত করিয়েছেন ?
- ১৩। 'বেঙ্গলী থিয়েটার'-এর প্রতিষ্ঠাতা কে ?
- ১৪। মুকুন্দ দাস সৃষ্ট যাত্রাদলটির নাম কী ?
- ১৫। 'এজিট প্রপ থিয়েটার'-এর সূচনা কোন দেশ থেকে ?
- ১৬। 'পথনাটক'-এর একটি প্রতিশব্দ লেখো।
- ১৭। বাংলায় প্রসেনিয়াম রঙ্গমঞ্চের প্রতিষ্ঠাতা কে ?
- ১৮। 'কাল্পনিক সংবদল' কোন ইংরেজি নাটকের বঙ্গানুবাদ ?
- ১৯। 'শতাব্দী' নাট্যদল কোন সালে প্রতিষ্ঠিত হয় ?
- ২০। *The Third Theatre* বইটির লেখক কে ?

J23/575

(Continued)

(3)

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- ২১। লোকনাট্যের দুটি উপাদান উল্লেখ করো।
- ২২। উনিশ শতকের দুজন কথকঠাকুরের নাম লেখো।
- ২৩। আলকাপ গানের ছোকরার বয়স-সম্পর্কিত প্রচলিত ছড়াটি উল্লেখ করো।
- ২৪। গঙ্গীরা গানের মুখপাদ পর্যায়ে চরিত্রগুলির পরিচয়পর্বের অংশ দুটি কী কী ?
- ২৫। গাজি গানের আসরে গায়নের হাতে থাকা উপকরণ দুটি কী কী ?
- ২৬। ছৌ-নৃত্যের দুটি ভাব কী কী ?
- ২৭। পোস্টার নাটক বলতে কী বোঝো ?
- ২৮। পথনাটকের দুটি প্রকারভেদের নাম লেখো।
- ২৯। পাশ্চাত্যের নাট্যধারার প্রধান দুটি শাখার নাম লেখো।
- ৩০। বাদল সরকার রচিত দুটি নাটকের নাম লেখো।

J23/575

(Turn Over)



(4)

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×৫=২৫

- ৩১। লোকনাট্যের বিভাগগুলির পরিচয় দাও।
- ৩২। “এককালে কথকতা ছিল লোকশিক্ষার অন্যতম বলিষ্ঠ মাধ্যম।” মন্তব্যটি বিশদ করো।
- ৩৩। ষাটু গানের বিশেষত্বগুলি আলোচনা করো।
- ৩৪। গম্ভীরার সঙ সম্পর্কে আলোচনা করো।
- ৩৫। গাজি গানে ব্যবহৃত পটচিত্র সম্পর্কে আলোচনা করো।
- ৩৬। ওঝা গানে ব্যবহৃত ওঝার পোশাক ও অন্যান্য উপকরণের পরিচয় দাও।
- ৩৭। বাংলা যাত্রার আধুনিকীকরণে মতিলাল রায়ের অবদান আলোচনা করো।
- ৩৮। অঙ্গন নাটকের মঞ্চসজ্জা সম্পর্কে আলোচনা করো।
- ৩৯। প্রসেনিয়াম থিয়েটারের উদ্ভব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৪০। থার্ড থিয়েটারের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGSEC-401T/175

J23—2820/575